


প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা





ডিপো এলাকার ভূমি উন্নয়ন কাজে Tokyu Construction Co. Ltd. এর সঙ্গে চুক্তি স্বাক্ষর



মেট্রোরেলের ডিপো লে-আউট

## মেট্রোরেল লাইন-৬ এর রুট এলাইনমেন্ট ও স্টেশন




## ম্যাস র‌্যাপিড ট্রানজিট (এমআরটি) লাইন-৬

বাংলাদেশের প্রথম মেট্রোরেল

# নির্মাণ কাজের উদ্বোধন

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

## প্রকল্পের পটভূমি

ঢাকা মহানগরীর যানজট নিরসনে সরকার দ্রুত, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত ও পরিবেশ বান্ধব আধুনিক গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের উদ্দেশ্যে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট গ্রহণ করে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর আওতাধীন ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের তত্বাবধানে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড প্রকল্পটি বাস্তবায়ন করছে। ম্যাস র‍্যাপিড ট্রানজিট (এমআরটি) লাইন-৬ (বাংলাদেশের প্রথম মেট্রোরেল) ব্যবস্থায় যাত্রীদের সুবিধার্থে স্মার্টকার্ড ভিত্তিক ই-টিকেটিং, স্টেশনে স্বয়ংক্রিয় টিকেট কাউন্টার এবং ডিজিটাল পদ্ধতিতে ট্রেন আগমনের আগাম তথ্য প্রদর্শনের ব্যবস্থা থাকবে। মেট্রোরেল ব্যবস্থায় শব্দ দূষণ ও কম্পন নিয়ন্ত্রণের অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের সুযোগ রাখা হয়েছে। মেট্রোরেল প্রকল্প ২০১২-২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়। তবে বিশেষ উদ্যোগের মাধ্যমে ২০১৯ সালের মধ্যে উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও পর্যন্ত প্রথম অংশ এবং ২০২০ সালে বাংলাদেশ ব্যাংক পর্যন্ত সম্পূর্ণ অংশ বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

এমআরটি লাইন-৬ এর কাজ ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ইতোমধ্যে প্যাকেজ-১ এর নির্মাণ কাজের ঠিকাদার নিয়োগ করা হয়েছে। প্যাকেজ-২, ৩, ৪, ৭ ও ৮ এর দরপত্র আহবান করা হয়েছে। প্যাকেজ- ৫ ও ৬ এর প্রাকযোগ্যতা দরপত্র আহবান করা হয়েছে।

## উল্লেখযোগ্য কার্যক্রম

- ২০ ফেব্রুয়ারী, ২০১৩ তারিখে জাইকা'র সাথে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়।
- ০৩ জুন, ২০১৩ তারিখে DMTCL নিবন্ধিত হয়।
- ৩১ অক্টোবর, ২০১৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।
- ১৯ নভেম্বর, ২০১৩ তারিখে General Consultant (GC), NKDM Association-এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়।
- ২৮ আগস্ট, ২০১৪ তারিখে Traffic Survey-এর কাজ শেষ হয়।
- ২৮ ডিসেম্বর, ২০১৪ তারিখে Basic Design-এর কাজ শেষ হয়।
- ডিসেম্বর, ২০১৪ মাসে বেসিক সার্ভে কাজ শেষ হয়।
- ১০ ডিসেম্বর, ২০১৪ তারিখে Resettlement Assistant Consultant প্রতিষ্ঠান CCDB'র সাথে চুক্তি স্বাক্ষরিত হয়।
- জুলাই, ২০১৫ মাসে Archaeological Survey শেষ হয়।
- জুলাই, ২০১৫ মাসে Soil Electric Resistivity Survey শেষ হয়।
- আগস্ট, ২০১৫ মাসে Environmental Baseline Survey শেষ হয়।
- জানুয়ারি, ২০১৬ মাসে Geotechnical Survey শেষ হয়।
- ০৭ জানুয়ারি, ২০১৬ তারিখে ডিপোর জন্য ৫৮.৯১ একর জমির রেজিস্ট্রেশন সম্পন্ন হয়।
- ২৭ মার্চ, ২০১৬ তারিখে ডিপো এলাকায় ভূমি উন্নয়ন কাজের জন্য মেসার্স Tokyu Construction Co., Ltd- এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়।



মেট্রোরেল স্টেশন



মেট্রোরেল লাইন (ভায়াডাক্ট)



মেট্রোরেল ইলেকট্রনিক টিকেট গেইট (প্রক্ষেপিত)

## প্রকল্পের বিবরণ

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট |
| প্রকল্প বাস্তবায়নকারী | : | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড |
| সংস্থা | : | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ |
| বিভাগ | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| মন্ত্রণালয় | : | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |
| প্রকল্পের মেয়াদ | : | জুলাই, ২০১২ থেকে জুন, ২০২৪ |
| প্রকল্প ব্যয় | : | ২১,৯৮৫.০৭ কোটি টাকা<br>জিওবি : ৫৩৯০.৪৮ কোটি টাকা<br>প্রকল্প সহায়তা : ১৬৫৯৪.৫৯ কোটি টাকা |
| প্যাকেজের বিবরণ | : | প্যাকেজ-১ : ডিপো এলাকার ভূমি উন্নয়ন<br>প্যাকেজ-২ : ডিপো এলাকার পূর্ত কাজ<br>প্যাকেজ-৩ ও ৪ : উত্তরা নর্থ-আগারগাঁও মেট্রোরেল নির্মাণ<br>প্যাকেজ-৫ ও ৬ : আগারগাঁও-বাংলাদেশ ব্যাংক মেট্রোরেল নির্মাণ<br>প্যাকেজ-৭ : ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম<br>প্যাকেজ-৮ : রোলিং স্টক ও ডিপো ইকুইপমেন্ট |
| লাইন-৬ এর দৈর্ঘ্য | : | ২০.১০ কিলোমিটার |
| লাইনের ধরণ | : | এলিভেটেড |
| রুট এলাইনমেন্ট | : | উত্তরা ৩য় পর্ব-পল্লবী-রোকেয়া সরণীর পশ্চিম পার্শ্ব দিয়ে খামারবাড়ী হয়ে ফার্মগেট-হোটেল সোনারগাঁও-শাহবাগ-টিএসসি-দোয়েল চত্বর-তোপখানা রোড-বাংলাদেশ ব্যাংক |
| স্টেশনের সংখ্যা ও নাম | : | ১৬ টি |

| | |
|---|---|
| উত্তরা উত্তর | উত্তরা সেন্টার |
| উত্তরা দক্ষিণ | পল্লবী |
| মিরপুর-১১ | মিরপুর-১০ |
| কাজীপাড়া | শেওড়াপাড়া |
| আগারগাঁও | বিজয় সরণী |
| ফার্মগেট | কারওয়ান বাজার |
| শাহবাগ | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| বাংলাদেশ সচিবালয় | মতিঝিল |

| | | |
|---|---|---|
| যাত্রী পরিবহন ক্ষমতা | : | প্রতি ঘন্টায় ৬০ হাজার (উভয় দিকে) |
| যাতায়াতের সময় | : | ৩৮ মিনিট (উত্তরা থেকে বাংলাদেশ ব্যাংক পর্যন্ত) |
| ট্রেনের ফ্রিকোয়েন্সি | : | ৪ মিনিট (দুইটি ট্রেনের মধ্যে সময়ের ব্যবধান) |